

বাংলাদেশ গণিত সমিতির নতুন ওয়েবসাইট উদ্বোধন



দেশের গণিত শিক্ষা, গবেষণা এবং পেশাগত কার্যক্রমকে আরও প্রযুক্তিনির্ভর ও কার্যকর করার লক্ষ্যে নির্মিত ওয়েবসাইট বাংলাদেশ গণিত সমিতির আজীবন সদস্য (৪৩৫), ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এর অধ্যাপক (অবঃ) ড. মোহাম্মদ কায়কোবাদ এবং সমিতির কার্যকরী সংসদের সদস্যদের উপস্থিতিতে ১৩ই এপ্রিল ২০২৬ তারিখে উন্মুক্ত করা হয়।

এই ওয়েবসাইটটি সমিতির সদস্য, শিক্ষক, গবেষক ও শিক্ষার্থীদের জন্য একটি আধুনিক ডিজিটাল প্ল্যাটফর্ম হিসেবে কাজ করবে। এর মাধ্যমে সমিতির বিভিন্ন কার্যক্রম, প্রকাশনা, সম্মেলন, সেমিনার, কর্মশালা এবং সদস্যদের একাডেমিক অর্জনের তথ্য সহজে সবার কাছে পৌঁছে দেওয়া সম্ভব হবে। তাছাড়া, দেশ-বিদেশের গণিতবিদদের মধ্যে যোগাযোগ, সহযোগিতা এবং জ্ঞান বিনিময়ের ক্ষেত্রে আরও সম্প্রসারিত করবে। পাশাপাশি এটি গণিতচর্চা ও গবেষণায় আগ্রহী নতুন প্রজন্মের জন্য একটি কার্যকর তথ্যভাণ্ডার হিসেবে ভূমিকা রাখবে। এর মাধ্যমে বাংলাদেশ গণিত সমিতি ডিজিটাল রূপান্তরের পথে আরেকটি গুরুত্বপূর্ণ মাইলফলক অতিক্রম করল বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

সংবিধান পরিমার্জনা কমিটি ২০২৬

বাংলাদেশ গণিত সমিতির কার্যকরী সংসদের সিদ্ধান্ত অনুযায়ী সমিতির বিদ্যমান সংবিধান পর্যালোচনা, আধুনিকায়ন ও প্রয়োজনীয় সংশোধনের সুপারিশ প্রণয়নের লক্ষ্যে সংবিধান পরিমার্জনা কমিটি ২০২৬ গঠন করা হয়েছে।

কমিটিতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের অধ্যাপক ড. মোঃ রেজাউল করিম-কে আহবায়ক এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের অধ্যাপক ড. মাহতাব উদ্দিন আহাম্মদ-কে সদস্য সচিব হিসেবে মনোনীত করা হয়েছে।

কমিটির অন্যান্য সদস্যদের মধ্যে রয়েছেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মোঃ আশরাফ উদ্দিন, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (NCTB) অধ্যাপক (অবঃ) ড. মোঃ আজিজুর রহমান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মোঃ কামরুজ্জামান, বাংলাদেশ গণিত সমিতির সভাপতি এবং সম্পাদক।

বাংলাদেশ গণিত সমিতি আশা প্রকাশ করছে যে, নবগঠিত এই সংবিধান পরিমার্জনা কমিটি সংগঠনের প্রশাসনিক কাঠামোকে আরও আধুনিক, স্বচ্ছ ও কার্যকর করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে এবং ভবিষ্যৎ কার্যক্রম পরিচালনায় একটি সুসংহত ও যুগোপযোগী সংবিধান প্রণয়নে সহায়তা করবে।

বুলেটিন সম্পাদনা পরিষদ

বাংলাদেশ গণিত সমিতির বুলেটিন প্রকাশের লক্ষ্যে সম্প্রতি একটি নতুন সম্পাদনা পরিষদ গঠন করা হয়েছে। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের অধ্যাপক ড. মোস্তাক আহমেদকে সম্পাদক এবং ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ড. মোঃ সহিদুল ইসলামকে সদস্য সচিব হিসেবে মনোনীত করা হয়েছে। পরিষদে সদস্য হিসেবে রয়েছেন সমিতির সভাপতি, সম্পাদক, এবং অধ্যাপক ড. মোঃ আবু হানিফ সরকার। এই সম্পাদনা পরিষদ প্রতি তিনমাস অন্তর অন্তর বুলেটিন প্রকাশ করবে। এই বুলেটিনের মাধ্যমে সমিতির সদস্যদের বিভিন্ন উল্লেখযোগ্য অর্জন, সম্মাননা, গবেষণা ও পেশাগত সাফল্য তুলে ধরা হবে। সংশ্লিষ্ট সদস্যদের অর্জনের সংক্ষিপ্ত বিবরণ, তথ্য ও ছবি নির্ধারিত হোয়াটসঅ্যাপ বা ই-মেইলে পরিষদের সম্পাদক অথবা সদস্য সচিবের নিকট পাঠাতে হবে বলে জানানো হয়। সমিতির নেতৃবৃন্দ আশা প্রকাশ করেন যে, সদস্যদের সক্রিয় অংশগ্রহণ দেশের গণিতবিদদের সাফল্যকে বৃহত্তর পরিসরে তুলে ধরতে সহায়তা করবে।

শিক্ষক প্রশিক্ষণ কমিটি

বাংলাদেশ গণিত সমিতির কার্যকরী সংসদের সিদ্ধান্ত অনুযায়ী দেশের উচ্চ মাধ্যমিক পর্যায়ে গণিত শিক্ষার মানোন্নয়ন এবং শিক্ষকদের পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে শিক্ষক প্রশিক্ষণ কমিটি ২০২৬-২০২৭ গঠন করা হয়েছে।

নবগঠিত এই কমিটির আহবায়ক হিসেবে দায়িত্ব পেয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফলিত গণিত বিভাগের অধ্যাপক ড. মোঃ শফিকুল ইসলাম এবং সদস্য সচিব হিসেবে মনোনীত হয়েছেন জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (NCTB) অধ্যাপক (অবঃ) ড. মোঃ আজিজুর রহমান।

কমিটির অন্যান্য সদস্যদের মধ্যে রয়েছেন সিলেট সরকারি টিচার্স ট্রেনিং কলেজের সহযোগী অধ্যাপক (অবঃ) আব্দুল্লাহ আল-মাহমুদ, ঢাকা সরকারি টিচার্স ট্রেনিং কলেজের সহযোগী অধ্যাপক (অবঃ) রাজিয়া বেগম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের অধ্যাপক ড. তামান্না সুলতানা এবং সহযোগী অধ্যাপক শারমীন কবীর, এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের লার্নিং এক্সেলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (LEAS) প্রকল্পের সহকারী প্রকল্প পরিচালক আরজুনা খাতুন।

সংশ্লিষ্ট কমিটি প্রশিক্ষণ মডিউল ও পাঠ্যক্রম উন্নয়ন, শিক্ষক প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় প্রকল্পের অর্থায়ন সংগ্রহ, কর্মশালা ও সেমিনার আয়োজন, দক্ষ প্রশিক্ষক ও রিসোর্স পারসন নির্বাচন, প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন ও মূল্যায়ন এবং অংশগ্রহণকারীদের নিকট হতে তথ্য সংগ্রহের মাধ্যমে গণিত শিক্ষকদের পেশাগত দক্ষতা উন্নয়ন, আধুনিক ও প্রযুক্তিনির্ভর শিক্ষণ পদ্ধতির প্রসার, পাঠদান ও মূল্যায়ন কৌশল উন্নয়ন এবং ধারাবাহিক পেশাগত উন্নয়ন (Continuous Professional Development - CPD) নিশ্চিত করার লক্ষ্যে প্রশিক্ষণ কর্মসূচি পরিকল্পনা ও বাস্তবায়ন করবে।

GANIT জার্নাল নোটিশ

আন্তর্জাতিক মানের গণিত বিষয়ক সাময়িকী ‘GANIT’ জার্নালের ৪৬তম নিয়মিত ইস্যু এবং ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স উপলক্ষে একটি বিশেষ ইস্যু প্রকাশের কাজ চলমান রয়েছে। সম্প্রতি জার্নাল সম্পাদনা পরিষদের এক সভায় গবেষকদের আর্টিকেল প্রেসিং চার্জ (APC) বৃদ্ধির সিদ্ধান্ত নেওয়া হয়েছে। নতুন সিদ্ধান্ত অনুযায়ী, দেশের গবেষকদের প্রেসিং ফি ২০০০ টাকা থেকে বাড়িয়ে ৫০০০ টাকা এবং বিদেশি গবেষকদের জন্য ১৫০ মার্কিন ডলার নির্ধারণ করা হয়, যাহা ০১ জুলাই ২০২৬ থেকে কার্যকর করা হবে।

গণিত পরিক্রমা সম্পাদনা পরিষদ

বাংলাদেশ গণিত সমিতির নিয়মিত প্রকাশনা “গণিত পরিক্রমা”-এর কার্যক্রম পরিচালনা, সম্পাদনা ও মানোন্নয়নের লক্ষ্যে ২০২৬-২০২৭ মেয়াদের জন্য নতুন সম্পাদনা পরিষদ গঠন করা হয়েছে।

সম্পাদক: অধ্যাপক (অবঃ) ড. অমূল্য চন্দ্র মন্ডল (ঢাকা বিশ্ববিদ্যালয়) এবং **সদস্য সচিব:** কাজী মোহাম্মদ খায়রুল বাশার।

সদস্যবৃন্দ: মো: গোলাম মোস্তফা (সহ-সভাপতি, বাংলাদেশ গণিত সমিতি), অধ্যাপক ড. শেখ আনোয়ার হোসেন (এশিয়া প্যাসিফিক বিশ্ববিদ্যালয়), ড. হেনা রাণী বিশ্বাস (বরিশাল বিশ্ববিদ্যালয়), প্রকৌশলী কামাল উদ্দিন (বিমান বাংলাদেশ এয়ারলাইনস), মো: মহিদুল হাসান (ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়), মো: রফিকুল ইসলাম (উইলস লিটল ফ্লাওয়ার স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা) এবং মো: ফয়সাল আজিজ (নটরডেম কলেজ)।

মূল দায়িত্ব: নিয়মিত প্রকাশনার জন্য লেখা আহ্বান, পর্যালোচনা ও সম্পাদনা করা।

তরুণ গণিতবিদ ও শিক্ষার্থীদের গণিত বিষয়ক লেখালেখিতে উৎসাহিত করা এবং বিভিন্ন কলেজ-বিশ্ববিদ্যালয়ে গণিত পরিক্রমা বিতরণের ব্যবস্থা করা। কার্যকরী সংসদের পরামর্শে প্রকাশনার মানোন্নয়ন, পরিসর বৃদ্ধি ও গণিত গবেষণার প্রসার ঘটানো। সমিতি আশা করছে, এই পরিষদের মাধ্যমে “গণিত পরিক্রমা” আরও সমৃদ্ধ, নিয়মিত ও পাঠকপ্রিয় হয়ে উঠবে।

আঞ্চলিক কমিটি গঠনের উদ্যোগ গ্রহণ

বাংলাদেশ গণিত সমিতির কার্যক্রম প্রচার, আন্তর্জাতিক ও জাতীয় সম্মেলন, স্নাতক গণিত অলিম্পিয়াড, সেমিনার ও সদস্য সংগ্রহ কার্যক্রম সুচারুভাবে পরিচালনার নিমিত্তে দেশব্যাপী নতুন আঞ্চলিক উপ-কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। সমিতির সংবিধান অনুযায়ী, জাতীয় স্নাতক গণিত অলিম্পিয়াডের অঞ্চলগুলোকে প্রাধান্য দিয়ে ৮ থেকে ১০টি অঞ্চল বিবেচনা করে ৫ সদস্য বিশিষ্ট (১ জন আহ্বায়ক, ১ জন সদস্য সচিব ও ৩ জন সদস্য) কমিটি গঠিত হবে। সংশ্লিষ্ট অঞ্চলের গণিত বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রী প্রদানকারী কলেজ বা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকেরা এই কমিটিতে অগ্রাধিকার পাবেন এবং একজন অধ্যাপক এর আহ্বায়ক হবেন। নিম্নোক্তভাবে জেলা সমূহকে নিয়ে বাংলাদেশ গণিত সমিতির আঞ্চলিক শাখা গঠন করা হয়।

১. ঢাকা মহানগর (দক্ষিণ) অঞ্চলঃ ঢাকা মহানগর (দক্ষিণ), নারায়নগঞ্জ, নরসিংদী, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, কুমিল্লা এবং ব্রাহ্মণবাড়িয়া।
২. ঢাকা মহানগর (উত্তর) অঞ্চলঃ ঢাকা মহানগর (উত্তর), গাজীপুর, টাঙ্গাইল, ময়মনসিংহ এবং কিশোরগঞ্জ।
৩. রাজশাহী অঞ্চলঃ বগুড়া, জয়পুরহাট, নওগাঁ, নাটোর, রাজশাহী, পাবনা, চাঁপাই নবাবগঞ্জ এবং সিরাজগঞ্জ।
৪. চট্টগ্রাম অঞ্চলঃ চট্টগ্রাম, কক্সবাজার, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, বান্দরবন, নোয়াখালী, লক্ষ্মীপুর, ফেনী এবং চাঁদপুর।
৫. খুলনা অঞ্চলঃ খুলনা, বাগেরহাট, চুয়াডাঙ্গা, যশোর, ঝিনাইদহ, কুষ্টিয়া, মাগুরা, মেহেরপুর, নড়াইল এবং সাতক্ষীরা।
৬. বরিশাল অঞ্চলঃ বরিশাল, বরগুনা, ভোলা, ঝালকাঠি, পটুয়াখালী, পিরোজপুর, ফরিদপুর, রাজবাড়ি, গোপালগঞ্জ, মাদারীপুর এবং শরীয়তপুর।
৭. সিলেট অঞ্চলঃ সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ, জামালপুর, শেরপুর এবং নেত্রকোনা।
৮. রংপুর অঞ্চলঃ রংপুর, লালমনিরহাট, কুড়িগ্রাম, গাইবান্ধা, নীলফামারি, দিনাজপুর, ঠাকুরগাঁও এবং পঞ্চগড়।

সদস্যদের উল্লেখযোগ্য অর্জন



অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ

অভিনন্দন ও শুভকামনা জানানো হয়।

সমিতির আজীবন সদস্য অধ্যাপক ড. মুহাম্মদ নজরুল ইসলাম (১০৫৭), জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) হিসেবে নিয়োগ পাওয়ায় সমিতির পক্ষ থেকে তাকে অভিনন্দন ও শুভকামনা জানানো হয়।

আজীবন সদস্য অধ্যাপক ড. আমিনুর রহমান খান (৬৮৮), জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব গ্রহণ করায় সমিতির পক্ষ থেকে তাকে অভিনন্দন ও শুভকামনা জানানো হয়।

সমিতির আজীবন সদস্য অধ্যাপক ড. মোঃ ফজলুল হক (১৩৮০), পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (PUST) বিজ্ঞান অনুষদ এবং মালয়েশিয়ার UniMAP-এর যৌথ উদ্যোগে আয়োজিত আন্তর্জাতিক সম্মেলন EFAST ২০২৬ (২৭-২৮ জুন, ২০২৬)-এর কনফারেন্স আহ্বায়ক হিসেবে সফলভাবে দায়িত্ব পালন করায় সমিতির পক্ষ থেকে তাকে অভিনন্দন ও শুভকামনা জানানো হয়।

সমিতির আজীবন সদস্য অধ্যাপক ড. মোহাম্মদ হুমায়ুন কবীর (৬৬৫), জার্মানির TU Dresden-এ অনুষ্ঠিত Joint Meeting-এ অংশগ্রহণ করায় সমিতির পক্ষ থেকে তাকে অভিনন্দন ও শুভকামনা জানানো হয়।

সমিতির আজীবন সদস্য সৈয়দা সানজিদা রহমান (১৬৯৯), TEC Merit Scholarship-2024 লাভ ও NST ফেলোশিপে ১২তম স্থান অর্জন করায় সমিতির পক্ষ থেকে তাকে অভিনন্দন ও শুভকামনা জানানো হয়।

গণিতের বিশ্বয়বালক ১০ বছরের আবদুল্লাহ আল আমিন

আর্থিকভাবে অশুচল পরিবারের আবদুল্লাহ আল আমিন (১০ বছর) প্রাতিষ্ঠানিক শিক্ষা ছাড়া গণিতে খুবই মেধাবী এবং O, A লেভেলের Math পরীক্ষার্থী। বাংলাদেশ গণিত সমিতির কার্যকরী সংসদ তার সাক্ষাৎকার নিয়েছে এবং আশা করে যে তাকে পরিচর্যা করলে ভবিষ্যতে সে গণিতে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বিশেষ অবদান রাখতে সক্ষম হবে। তাকে সার্বিক সহযোগিতা করার জন্য সমিতির কার্যকরী পরিষদ সকলকে অনুরোধ করছে এবং আর্থিক দান/অনুদান প্রেরণের জন্য আবদুল্লাহ আল আমিন শিক্ষা সহায়তা তহবিল নামে নিম্নোক্ত ব্যাংকে হিসাব খোলা হয়।

Account Name:

Abdullah Al Amin Education Assistance Fund
A/C: 1261580539487, DBBL, Elephant Road Branch.
এবং A/C: 0200026025674, Agrani Bank, Dhaka University Branch

Mobile Banking:

01631159429 (bKash/Rocket)
01577676253 (Nagad)

মোহাম্মদপুরের লালমাটিয়ায় বসবাসকারী এই শিশুর বাবা বর্তমানে কর্মহীন। ফলে পরিবারটি চরম আর্থিক সংকটে রয়েছে। মেধাবী আবদুল্লাহর পড়াশোনা চালিয়ে নিতে তার পরিবার ও গণিত সমিতি সর্বাঙ্গিক আর্থিক সহায়তার আবেদন জানিয়েছে।



অধ্যাপক ড. মুহাম্মদ নজরুল ইসলাম

শোক সংবাদ

বাংলাদেশ গণিত সমিতির আজীবন সদস্য এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. মোহাম্মদ আশরাফুল ইসলাম গত ২৯ এপ্রিল ২০২৬ (বুধবার) এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন (ইল্লা লিল্লাহি ওয়া ইল্লা ইলাইহি রাজিউন)। দীর্ঘ কর্মজীবনে তিনি দেশের উচ্চশিক্ষা, গবেষণা ও গণিত শিক্ষার প্রসারে কাজ করেছেন ও গবেষক হিসেবে অনন্য অবদান রেখে গেছেন। তাঁর প্রয়াণে গভীর শোক প্রকাশ করে বাংলাদেশ গণিত সমিতি ড. ইসলামের মৃত্যু দেশের গণিত সমাজের জন্য এক অপূরণীয় ক্ষতি। সমিতির পক্ষ থেকে মরহুমের রুহের মাগফিরাত কামনা করা হয় ও শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানানো হয়।

আজীবন সদস্যপদ প্রাপ্তি

বাংলাদেশ গণিত সমিতির আজীবন সদস্যপদ গ্রহণ করায় আন্তরিক অভিনন্দন ও স্বাগতমঃ

Zarin Roshni Raya (1736), Rifat Jahan Rizum (1737), Md. Abu Rumman (1738), Dr. Navojit Dhali Pallab (1739), Zamil Uddin (1740), Shakil Mojumdar (1741), Snigdha Dhar (1742), Md. Sultan Pramanik (1743).

আজীবন সদস্য সংগ্রহ কার্যক্রম

বাংলাদেশ গণিত সমিতি দেশের গণিত শিক্ষা, গবেষণা ও গণিতচর্চার উন্নয়ন এবং গণিতবিদদের মধ্যে পেশাগত ও একাডেমিক সহযোগিতা জোরদারের লক্ষ্যে প্রতিষ্ঠালগ্ন থেকে নিরলসভাবে কাজ করে আসছে। সমিতির কার্যক্রমকে আরও শক্তিশালী, গতিশীল ও সর্বব্যাপী করার লক্ষ্যে আজীবন সদস্য সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে।

দেশের সকল বিশ্ববিদ্যালয়, কলেজ ও গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত গণিতবিদ, শিক্ষক, গবেষক এবং সমিতির গঠনতন্ত্র অনুযায়ী সদস্যপদের যোগ্য ব্যক্তিদের বাংলাদেশ গণিত সমিতির আজীবন সদস্যপদ গ্রহণের জন্য আন্তরিকভাবে আহ্বান জানানো হচ্ছে। আগ্রহী প্রার্থীগণ নির্ধারিত আবেদনপত্র পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্ধারিত সদস্য ফি জমা দিয়ে আবেদন করতে পারবেন।

Membership Application Link:

<https://bdmathsociety.org/register/>



বাংলাদেশ গণিত সমিতি কর্তৃক প্রকাশিত এবং মুদ্রিত। বুলেটিন সম্পাদনা পরিষদঃ সম্পাদক- অধ্যাপক ড. মোস্তাক আহমেদ (01724-089766), সদস্যবৃন্দ- অধ্যাপক ড. মোঃ শফিকুল ইসলাম, অধ্যাপক ড. মোহাম্মদ হুমায়ুন কবীর, অধ্যাপক ড. মোঃ আবু হানিফ সরকার, এবং সদস্য সচিব- ড. মোঃ সহিদুল ইসলাম (01924-012580)